

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ আধুনিক জীবনের কিছু আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

টেলিফোন

টেলিফোন আমাদের আধুনিক জীবনে বড় উপকারী জিনিস। তবে এর অপকারিতার ব্যাপারে উদাসীন থাকা উচিত নয়। যেহেতুঃ এর সাহায্যেই অমত্মঃপুরবাসিনী অন্দর মহল হতেই প্রণয়ের বাঁশী বাজায়। এরই দ্বারা তরুণ-তরুণীরা আপোসে পরিচয়, প্রেমালাপন, সাক্ষাতের ওয়াদাদান, অভিরতি ও অভিসার প্রকাশ ইত্যাদি করে থাকে। অজ্ঞাত-পরিচয় খল ব্যক্তি ও শক্ররা এরই মাধ্যমে দাম্পত্যে ও পরিবারে ভাঙ্গন ধরায়। চুগলখোর ও গীবতকারীরা হিংসা, দ্বেষ ও মাৎসর্যবশে সোনার সংসারে আগুন লাগায়।

অনেক সময় অপ্রয়োজনীয় কথাবার্তায় (অধিকাংশ মহিলাদের পক্ষ থেকে) দূরবর্তী আত্মীয়ের সাথে আলাপে অনর্থক সময় ও অর্থ ব্যয় করা হয়।

অতএব আপনি সতর্ক হন এবং পরিবারকে ঈমানী জযবা দিয়ে এ যন্ত্রের মন্দ থেকে দূরে থাকুন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7891

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন